

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০৬

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৪

স্বাধীনতা দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

স্বাধীনতা দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘জানা-অজানা বহু বীরসংগ্রামী ও দেশপ্রেমিক নাগরিকদের আত্মত্যাগের বিনিময়ে আমাদের এই অর্জিত স্বাধীনতা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজীর নেতৃত্বে দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতাকে রক্ষা করে দেশ কৃষি, শিক্ষা, শিল্প, স্বাস্থ্য, বিজ্ঞান ও প্রযুক্তিসত্ত্ব নানা দিক দিয়েই উন্নতির শিখরে এগিয়ে চলেছে। আমাদের সকলের সহযোগিতা ও অংশগ্রহণের মধ্য দিয়ে আমরা সেই কাঞ্চিত লক্ষ্যে এগিয়ে যেতে চাই। প্রধানমন্ত্রীর স্বপ্নকে সফল করে আমরাও এই রাজ্যকে আরও শক্তিশালী ও উন্নত রাজ্য হিসাবে গড়ে তুলতে দায়বদ্ধ। সকলের জন্য এক উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার অঙ্গীকারই হোক আমাদের মহান স্বাধীনতা দিবসের মূল আত্মান। আমি সকল রাজ্যবাসীর সুখ-সমৃদ্ধি ও শান্তি কামনা করছি।’
